**"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩,ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
**www.dwa.gov.bd**

বিষয়: ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) পরিবীক্ষণ কমিটির ৩য় সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মো: আবুল কাশেম<br>উপপরিচালক (প্রশাসন), মহিলা বিষয়ক অধিদপ্তর |
| সভার তারিখ | ২৭/০৩/২০২৩ ইং |
| সভার সময় | বেলা ১২:৩০ ঘটিকা |
| স্থান | উপপরিচালক (প্রশাসন) এর সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক বিগত সভার কার্যবিবরণী পড়ে শোনান। কোন পরিবর্তন না থাকায় তা গৃহীত হয়।

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় ১.১ অনুযায়ী ত্রৈমাসিকভিত্তিতে পরিবীক্ষণ কমিটি পুনর্গঠনের নির্দেশনা রয়েছে। উক্ত কমিটি পুনর্বহাল রাখার বিষয়ে সকলে একমত পোষণ করেন। পুনর্গঠিত কমিটির পত্রটি ওয়েবসাইটে আপলোড করতে হবে। সভায় সিটিজেন'স চার্টার অনুযায়ী অত্র দপ্তর কর্তৃক প্রদত্ত ৪টি নাগরিক সেবা সমূহ পরিবীক্ষণ করার বিষয়ে আলোচনা হয়। প্রশাসনিক মন্ত্রণালয় এর নির্দেশনা মোতাবেক সিটিজেন'স চার্টার আপডেট করে ওয়েবসাইট হালনাগাদ করার বিষয়টি আলোচনা করা হয়।

২০২২-২৩ অর্থ বছরের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সেবা প্রদান কর্মপরিকল্পনা ২.২ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন,বিধি-বিধান এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে ০২টি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনের নির্দেশনা রয়েছে।২টি কর্মশালা সম্পন্ন হয়েছে। ১টি অংশীজনের অংশগ্রহন সভা আয়োজন সম্পন্ন হয়েছে।

০২। সিদ্ধান্ত:

(ক) পরিবীক্ষণ কমিটি পুনর্বহাল সংক্রান্ত অফিস আদেশ ওয়েবসাইটে আপলোড করন।

(খ) হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) ওয়েবসাইটে সেবা বক্সে আপলোড করন।

(গ) বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন এবং উর্ধ্বতন কতৃপক্ষ বরাবর প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৩/২৩

(মো: আবুল কাশেম)
উপরিচালক (প্রশাসন)
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ এবং বাস্তবায়ন কমিটি
মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।

স্মারক নং- ৩২.০১.০০০০.০১৯.০৬.১৫৬.২২ (অংশ-০১)- ১১৯৯(2) তাং-২৮/০৩/২০২৩।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

০১। পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০২। উপসচিব (প্রশাসন-০২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সহকারী পরিচালক (প্রশাসন-০২), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০৪। প্রোগ্রাম অফিসার (ই-সার্ভিস), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০৫। শাহীন সুলতানা, সিনিয়র ইন্সট্রাকক্টর, প্রশিক্ষণ শাখা, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০৬। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ওয়েবসাইট) , ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।।
০৭। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০৯। অফিস কপি।

২৮.৩.২৩
(ডালিয়া মৌসুমী খান)
সহকারী পরিচালক
ও
সদস্য সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ এবং বাস্তবায়ন কমিটি
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।